



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/২০১৯/

তারিখ: ৬ এপ্রিল, ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ৬ এপ্রিল, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)-এ বাংলাদেশ ও ভারতের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরেরদের প্রথম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকাল সাড়ে নয়টায় শাবিপ্রবির সেন্ট্রাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় শিক্ষামন্ত্রী ড.দিপু মনি ভাইস চ্যান্সেলরেরদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয় গুলো হতে শুধুমাত্র গ্রেজুয়েটস বের হবে না। তারা বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে যাতে আদর্শ মানুষ হতে পারে সে পরিবেশ বজায় রাখার জন্য সবাইকে সচেতন থাকতে হবে। শিক্ষার অনুকূল পরিবেশ যাতে বিশ্ববিদ্যালয়গুলোতে বজায় থাকে সেদিকে নজর দিতে হবে। মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদের মতো সামাজিকব্যথি থেকে শিক্ষার্থীদের দূরে রাখার ব্যবস্থা নিতে হবে।

মাননীয় শিক্ষা মন্ত্রী বলেন, বাংলাদেশ ও ভারতের প্রকৃতি ও সংস্কৃতি প্রায় কাছাকাছি। সামাজিক সমস্যাগুলোও প্রায় একই ধরনের। সুতরাং দুই দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে এসব সমস্যা সমাধানের জন্য একসাথে কাজ করতে হবে। এজন্য পারস্পারিক সহযোগিতার মাধ্যমে এসব সমস্যা সমাধানের জন্য গবেষণা করতে হবে এবং নতুন নতুন জ্ঞান সৃষ্টি করতে।

মাননীয় শিক্ষা মন্ত্রী বলেন, আমরা উন্নয়নের জন্য যে কানেকটিভিটির কথা বলছি তা শুধুমাত্র জল, স্থল ও আকাশ পথের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং আমরা আরো এগিয়ে যেয়ে জ্ঞানের কানেকটিভিটি বা যোগাযোগ স্থাপন করতে চাই। এক্ষেত্রে আজকের ভাইস চ্যান্সেলরেরদের সম্মেলন সময়োপযোগী এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সম্মেলন আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি ও প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে অংশগ্রহণকারী সকল বিশ্ববিদ্যালয়কে অভিনন্দন জানিয়ে শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, প্রথমবারের মত আয়োজিত ভাইস চ্যান্সেলরেরদের এই আন্তর্জাতিক সম্মেলন শিক্ষা ও গবেষণায় এক নতুন দিগন্ত সূচনা করবে। আজকের এই সম্মেলনের মাধ্যমে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সমপর্কের নবদিগন্তের উদ্ভব ঘটাবে। আমি এই সম্মেলনের সর্বাঙ্গিন সফলতা কামনা করছি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, আসামের গৌহাটি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মৃদুল হাজারিকা এবং মেঘালয় ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির চ্যান্সেলর জনাব মাহবুবুল হক।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সম্মেলনের আহ্বায়ক শাবিপ্রবির স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেম এবং স্বাগত বক্তব্য রাখেন সম্মেলনের সদস্য সচিব ও কম্পিউটার সায়েন্সেস এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মো. জহিরুল ইসলাম।

সম্মেলনের বাংলাদেশ ও ভারতের ২৩টি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ অংশগ্রহণ করছেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার